

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়
২২৪/১ নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

নং-৪১.০৩.০০০০.০৮১.৩২(৬).০৭০.২২- ২৩৫৩


তারিখ : ০২ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহের অনুদানের বিজ্ঞপ্তি প্রকাশ

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক প্রতিবছরের ন্যায় ২০২২-২০২৩ অর্থবছরেও নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহের অনুকূলে অনুদান প্রদানের নিমিত্ত আবেদন আহ্বান করা হচ্ছে। এ সংক্রান্ত সংযোজিত বিজ্ঞপ্তিটি আগামী ২২-০৮-২০২২ অথবা ২৩-০৮-২০২২ তারিখ (যে কোন একদিন) আপনার পত্রিকার প্রথম/শেষ পাতায় ৬"X৪" কলামে একবার প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিজ্ঞপ্তি প্রকাশের পর ০৫(পাঁচ) কপি পত্রিকা এবং পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের সরকারি হার অনুযায়ী বিল নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বিধি মোতাবেক বিলের উপর ভ্যাট কর্তন করা হবে।

সংযুক্ত : বিজ্ঞপ্তি ০২ (দুই) কপি


২৭.০৮.২০২২
মোহাম্মদ জসিম উদ্দিন
নির্বাহী সচিব
(যুগ্মসচিব)
ফোন: ০২২২২২২৮১২৫
e-mail : bnswcibd@gmail.com

বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক ইত্তেফাক
কাওরান বাজার, ঢাকা

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা-১০০০ (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা-১০০০ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা-১০০০ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা-১০০০ (পরিষদের নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারনার অনুরোধসহ)।
- ৫। কম্পিউটার অপারেটর, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা-১০০০ (পরিষদের ওয়েবসাইটে ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশের জন্য)।
- ৬। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

নং-৪১.০৩.০০০০.০৮১.৩২(৬).০৭০.২২- ২৬৪৮

তারিখ : ০২ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহে অনুদানের বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ২০২২-২০২৩ অর্থবছরে নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহের অনুকূলে এককালীন আর্থিক অনুদান প্রদান করা হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র জমাদানের জন্য অনুরোধ করা হলো :-

প্রতিষ্ঠানের ধরন	আবেদন জমার স্থান	আবেদন ফি ও ফরম নং
ক) জাতীয় পর্যায়ে প্রতিষ্ঠান (বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে স্বীকৃতিপ্রাপ্ত)	নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ২২৪/১ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০	৫০০/- (পাঁচশত) টাকা (ফরম- 'ক')
খ) রোগীকল্যাণ সমিতি	সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা (ফরম- 'খ')
গ) শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদ (ইউসিডি)	সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা (ফরম- 'খ')
ঘ) অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি	সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা (ফরম- 'খ')
ঙ) নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান	সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয়/ শহর সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা (ফরম- 'গ')

২। আবেদন করার যোগ্যতা :


স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ ও স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) বিধি, ১৯৬২ অনুযায়ী নিবন্ধিত, সক্রিয় এবং সমাজকল্যাণমূলক কাজে অবদান রাখছে এমন নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠান।

৩। আবেদনের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :

- ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন;
- হালনাগাদ কার্যকরী কমিটির তালিকা;
- কার্যকরী কমিটি কর্তৃক অনুমোদিত বিগত ০৩(তিন) বছরের আয়-ব্যয়ের হিসাব বিবরণী;
- নিবন্ধন সনদের কপি এবং বিগত বছরের নিরীক্ষা প্রতিবেদন;
- অনলাইন ব্যাংক হিসাবের নাম, হিসাব নম্বর, ব্যাংকের নাম, শাখা, শাখার রাউটিং নম্বর সম্বলিত ব্যাংক সনদ।

৪। আবেদন জমাদানের শেষ তারিখ : ৩১ অক্টোবর, ২০২২ খ্রি.

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। পরিষদের ওয়েব সাইট www.bnswc.gov.bd হতে আবেদন ফরম ডাউনলোড করা যাবে। আবেদন ফরমের ফটোকপি ব্যবহার করা যাবে। নির্ধারিত তারিখের পরে আবেদন গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


২৭.০৮.২০২২
মোহাম্মদ জসিম উদ্দিন
নির্বাহী সচিব(যুগ্মসচিব)
ফোন: ০২২২২২২৮১২৫
e-mail : bnswcbd@gmail.com